

ইবি ছাত্রদলের বিক্ষোভ

তিনি বিশ্ববিদ্যালয়ে হামলা

ইবি সংবাদদাতা

০২ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক
আমাদের মত্তু



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি), বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাক্বি) ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) শিক্ষার্থীদের ওপর হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) শাখা ছাত্রদল। গতকাল সোমবার দুপুর ১টা ৩০ মিনিটের পর অনুষদ ভবনের সামনে থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়। পরে এটি ক্যাম্পাসের প্রধান ফটকসহ বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে প্রশাসন ভবনের সামনে সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়। মিছিলে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের আহ্বায়ক সাহেদ আহমেদ, সদস্য সচিব মাসুদ রূমি মিথুন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক আনোয়ার পারভেজ, যুগ্ম আহ্বায়ক আহসান হাবীব, আনারুল ইসলাম, রোকন উদ্দিন এবং সদস্য সাবির হোসেন, রাফিজ উদ্দিন, নুর উদ্দিন প্রমুখ অংশ নেন।